

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিসিআইসি অধিশাখা
৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
www.moind.gov.bd

নম্বর ৩৬.০০.০০০০.০৬২.৯৯.০২০.১৯. ২২২

তারিখ: ১১ এপ্রিল ১৪২৬
২৮ চৈত্র ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সৃষ্টি বৈশ্বিক মহামারীজনিত বিদ্যমান পরিস্থিতিতে সারাদেশে ইউরিয়া সার পরিবহনসহ ডিলারের অনুকূলে বরাদ্দকৃত ইউরিয়া সার যথাসময়ে উত্তোলনের মাধ্যমে কৃষকদের নিকট পৌছানো ক্ষেত্রে সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি উৎপাদনের অত্যন্ত গুরুত্বপূর্ণ উপকরণ ইউরিয়া সার শিল্প মন্ত্রণালয়ের সরাসরি তত্ত্বাবধানে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) সারাদেশে ২৯টি (২৪টি বাফার এবং ৫টি কারখানা) বিক্রয় কেন্দ্র থেকে প্রায় ৫৬০০ ডিলারের মাধ্যমে (প্রতি ইউনিয়নে কমপক্ষে ০১ জন ডিলার) কৃষক পর্যায়ে সরবরাহ করে থাকে। সরবরাহ চেইনে বিসিআইসি'র সার কারখানা ও বাফার গুদাম হতে সার পরিবহন, গ্রহণ ও ডিলারদের নিকট সরবরাহসহ মজুদ ও সংরক্ষণে জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার কারণে কৃষকদের নিকট এ যাবৎ নিরবচ্ছিন্নভাবে ইউরিয়া সার সরবরাহ করা সম্ভব হয়েছে।

২. বেশিকিছু জেলার ডিলারগণ অদ্যাবধি মার্চ ২০২০ মাসের ইউরিয়া সারের বরাদ্দ উত্তোলন করেনি। ইতোমধ্যে এপ্রিল/২০২০ মাসের ইউরিয়া সারের বরাদ্দ জেলা প্রশাসকগণের অনুকূলে প্রেরণ করা হয়েছে। পর্যায়ক্রমে মে ও জুন/২০২০ মাসের বরাদ্দও প্রেরণ করা হবে। ডিলারগণ এপ্রিল/২০২০ মাসের বরাদ্দ উত্তোলনেও শৈখিল্য প্রদর্শন করছে মর্মে প্রতীয়মান হচ্ছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সৃষ্টি বৈশ্বিক মহামারীজনিত বিদ্যমান পরিস্থিতিতে সরকার ঘোষিত সাধারণ ছুটির পরে দেশের স্বাভাবিক পরিস্থিতিতে ইউরিয়া সারের ব্যাপক চাহিদা সৃষ্টি হবে মর্মে প্রতীয়মান হচ্ছে। তাই বিদ্যমান পরিস্থিতিতে এবং পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পরে কৃষক পর্যায়ে ব্যাপক চাহিদা মোতাবেক ইউরিয়া সার সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ডিলার পর্যায়ে পর্যাপ্ত ইউরিয়া সার মওজুদ রাখা প্রয়োজন। অন্যথায় ইউরিয়া সারের ব্যাপক চাহিদাজনিত কারণে সাপ্লাইচেইনে জট সৃষ্টি হতে পারে। ফলে ডিলার পর্যায়ে সারের পর্যাপ্ত সরবরাহের অভাবে কৃষি জমিতে সময়মত সার প্রয়োগ ব্যাহত হতে পারে। এ কারণে খাদ্যশস্য উৎপাদন করে দেশে খাদ্য সংকটসহ জাতীয় অর্থনীতিতে এর বিরুপ প্রভাব পড়তে পারে।

৩. উল্লেখ্য, বর্তমানে বিসিআইসি'র ২৪টি বাফার গুদাম ও ৫টি সার কারখানায় ইউরিয়া সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। বর্তমান পরিস্থিতিতে কৃষক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইউরিয়া সার সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার ঘোষিত সাধারণ ছুটি কালিন প্রতিটি কারখানা ও বাফার গুদামের কর্ম এলাকায় সারের সাপ্লাইচেইন ম্যানেজমেন্টের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান ও কর্মকর্তাদের স্বাস্থ্য কর্মকর্তাসহ বিসিআইসি তার সকলকর্মীকে স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক প্রস্তুত রেখেছে এবং তারা প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৯.০৪.২০২০ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০.১৭৮ নম্বর পত্রে সার পরিবহন কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীকে জরুরি সেবার আওতাভুক্ত করা হয়েছে।

৪. এ অবস্থায় তাঁর জেলার মার্চ ও এপ্রিল/২০২০ মাসের বরাদ্দ উত্তোলনসহ মে ও জুন/২০২০ মাসের বরাদ্দ ডিলারগণ কর্তৃক যথাসময়ে উত্তোলনের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণপূর্বক ডিলার পর্যায়ে ইউরিয়া সারের পর্যাপ্ত মওজুদ নিশ্চিত করার লক্ষ্যে বিসিআইসি'র সার কারখানা ও বাফার গুদাম হতে ইউরিয়া সার পরিবহন, গ্রহণ ও ডিলারদের নিকট সরবরাহসহ মজুদ ও সংরক্ষণ কার্যক্রমকে বর্তমান পরিস্থিতিতে জরুরি সেবার আওতাভুক্ত বিবেচনাক্রমে এ যাবৎকালের মতো জেলা প্রশাসনের সহযোগিতা অব্যাহত রাখতে নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

২১৪/২০২০
দেলোয়ার হোসেন মাতুরার
উপসচিব

জেলা প্রশাসক..... (সকল)

ফোন: +৮৮০২৯৫৬৩৩০২
e-mail:dsbcic@moind.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

অনুলিপি :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢেঁজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদরদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৫. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, র্যাব, র্যাব সদরদপ্তর, কুর্মটোলা, উত্তরা, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার.....(সকল)।
৮. চেয়ারম্যান, বিসআইসি, ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৯. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (প্রাতি শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অতিরিক্ত সচিব (স্বস ও আস), এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (স্বস ও আস) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৫. অফিস কপি।